Rs. 1.00


# PRABINBARTA
# প্রবীণবার্তা

MONTHLY

মূল্য ঃ ১টাকা

মাসিক

Vol :1 Issue : X, 15th January, 2013 পৌষ ১৪১৯, বার্ষিক মূল্য-১০টাকা RNI No. WBBEN/2012/46375



গত ১৬ই ডিসেম্বর ২০১২, দাসনগরে একটি সাপ্তাহিক ক্লিনিকে রোগী দেখছেন ডাঃ প্রাণ শঙ্কর সাহা।

ছবি ঃ ডাঃ বীরেন মজুমদার

## দাসনগর বস্তি কমিটি অফিসে সাপ্তাহিক ক্লিনিক উদ্বোধনের রিপোর্ট

পূর্ব নির্ধারিত কর্মসূচী অনুযায়ী আমাদের সংস্থার উদ্যোগে ৯৩নং ওয়ার্ডের বস্তি কমিটির সহযোগিতায় গত ১৬ই ডিসেম্বর ২০১২ তারিখ রবিবার দাসনগর বস্তি কমিটির অফিস ৯৩নং ওয়ার্ডে ১টি সাপ্তাহিক ক্লিনিকের উদ্বোধন করা হয়েছে। এই ক্লিনিক প্রতি মঙ্গলবার দুপুর ১২:৩০ মিনিট হতে ২টো পর্যন্ত চলবে। এই ক্লিনিক নিয়ে ৯৩নং ওয়ার্ডে ৩টি ক্লিনিক চালু হল। অপর ২টি বেঙ্গল ল্যাম্প বস্তি এলাকা ও রংকল বস্তি এলাকা। উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয় দুপুর ১২:৩০ মিনিটে। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংস্থার সহ-সভাপতি ডাঃ প্রান শঙ্কর সাহা, শ্রী অম্বর রায় চৌধুরী, সম্পাদক শ্রী দীপেশ মিত্র বস্তি কমিটির পক্ষে শ্রী অসীম জানা শ্রী বুলবুল সিং জনস্বাস্থ্যের পক্ষে শ্রী প্রশান্ত ধর প্রমুখ। অনুষ্ঠানে ৯৩নং ওয়ার্ডের দুঃস্থ অধিবাসীদের মধ্যে কম্বল বিতরন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি শ্রী পেলব মুখার্জী, সহ-সভাপতি শ্রী অম্বর রায় চৌধুরী, ডাঃ প্রান শঙ্কর সাহা, শ্রী সনৎ লাহেড়ী, শ্রীমতী রাধা দত্ত, সম্পাদক শ্রী দীপেশ মিত্র, সহ-সম্পাদক শ্রী স্নেহাংশু চাকদার, ডাঃ বীরেন মজুমদার পরিচালন পরিষদের সদস্য শ্রী গৌতম রায় চৌধুরী, শ্রী নারায়ন ঘোষ, বস্তি কমিটির পক্ষে উপস্থিত ছিলেন শ্রী বুলবুল সিং, শ্রী অসীম জানা, শ্রী ঋষিকেশ দাস সহ বস্তি কমিটি ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

## এক কিংবদন্তীর শতবর্ষে বেথুনের শ্রদ্ধা

রামরমণ ভট্টাচার্য

৭ই নভেম্বর ২০১২ সংগ্রামী সমর মুখার্জী শতবর্ষে পা রাখলেন। তাঁর জন্ম ১৯১৩, ৭ই নভেম্বর হাওড়া জেলার পুরাস গ্রামে। পীতাম্বর হাইস্কুলের নথিতে নাম ছিল সমরেন্দ্রলাল মুখোপাধ্যায়। পরবর্তীতে পরিচিত হন সমর মুখার্জী নামে।

সমর মুখার্জীর রাজনৈতিক কর্মকান্ড যেমন বর্ণময়, আপোষহীন ধারাবাহিক লড়াই সমৃদ্ধ তেমনই সর্বত্যাগী দেশপ্রেমে উদ্বুদ্ধ। একজন একনিষ্ঠ কংগ্রেস কর্মী হিসেবে তাঁর রাজনৈতিক জীবনের সূত্রপাত। ১৯২৮এ মাত্র পনের বছর বয়সে সপ্তম শ্রেণীর ছাত্র সমর মুখার্জী সাইমন কমিশন ভারতে এলে তার বিরুদ্ধে প্রতিবাদে সামিল হন। ১৯৩০ সালে আইন অমান্য করে জেলে যান। এই অপরাধে তাঁকে বিতাড়িত করা হয় স্কুল থেকে। ১৯৩২ সালে মুক্তি পাবার পর কলকাতার বউবাজার হাইস্কুলে আবার ভর্তি হয়ে ১৯৩৩ এ ম্যাট্রিক পাশ করেন।

তরুণ যুবক কংগ্রেসের সর্বক্ষণের কর্মী হয়ে আমতা ব্লক কংগ্রেসের সম্পাদক এবং দু-বছর পর উলুবেড়িয়া মহকুমা কমিটির সম্পাদকের দায়িত্বভার গ্রহণ করেন। প্রসঙ্গত স্মরণীয় কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ও ছিলেন হাওড়া জেলা কংগ্রেস কমিটির সভাপতি। সমরদাও জাতীয় কংগ্রেসের প্রাদেশিক কমিটির সদস্য ছিলেন।

সমর মুখার্জীর একটা ঝোঁক ছিল দরিদ্র কৃষক, ক্ষেত মজুর এবং শ্রমিকদের মধ্যে কাজ করা। ১৯৯৮ এ হাওড়া জেলা ছাত্র ফেডারেশনের সভাপতি ছিলেন এবং ১৯৩৯ পাঁচলায় জেলা কৃষক সম্মেলনে যোগদেন। এই গণআন্দোলনের পথ ধরেই চলে আসেন, কমিউনিষ্ট পার্টিতে সদস্যপদ লাভ করেন ১৯৪৫ এ। কমিউনিষ্ট পার্টির সদস্যপদ প্রাপ্তির প্রায় সঙ্গে সঙ্গে পুলিশ গ্রে প্তার করে। প্রথমে হুগলি জেলে পরে দমদম সেন্ট্রাল জেলে। দমদম জেলে থাকার সময় কমিউনিস্ট কনসলিডেশন গ্রুপের আহ্বায়ক হন। জেল থেকে মুক্তি পাবার পর 'মণি' ছদ্ম নামে জেলা কমিউনিস্ট পার্টির প্রধান সংগঠক ১৯৪২ এ সম্পাদক হিসেবে নির্বাচিত। ১৯৪৩ এ বোম্বাইতে কমিউনিস্ট পার্টির সম্মেলনে যোগদান। ১৯৪৮ এ কমিউনিস্ট নিষিদ্ধ হলে গ্রেপ্তার হন।

সমরদার রাজনৈতিক জীবন এত দীর্ঘ, এত দায় দায়িত্ব পালন করেছেন যে তার বিবরণ লিপিবদ্ধ করতে গেলে একটি পুস্তিকা হয়ে যাবে। রাজ্য কমিটির সদস্য, রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য, কেন্দ্রীয় কমিটি এবং তারপর পলিটব্যুরোর সদস্য, কন্ট্রোল কমিশনের সদস্য, সিটুর কোষাধ্যক্ষ ও সাধারণ সম্পাদক, বাস্তুহারা পরিষদের সম্পাদক, তিনবার লোকসভার সদস্য একবার রাজ্যসভার সদস্য লোকসভায় সিপি আই (এম) এর দলনেতা সবক্ষেত্রেই যোগ্যতম হিসেবে দায়িত্ব পালন করেছেন। প্যালেস্তাইন শান্তি কমিশনের চেয়ারম্যান নির্বাচিত হন ১৯৮৪তে প্যারিসে। ১৯৮০তে উত্তর কোরিয়ার কমিউনিস্ট পার্টির সম্মেলনে সি. পি. আই (এম) এর প্রতিনিধি, ১৯৮২ তে কিউবার হাভানাতে অনুষ্ঠিত বিশ্ব ট্রেড ইউনিয়ন কংগ্রেসে সিটুর প্রতিনিধি, ১৯৮৫ তে সরকারের আমন্ত্রণে আফগান সফর করেন। এইভাবে অনেক দেশ, সরকার এবং কমিউনিস্ট বা ওয়ার্কার্স পার্টিগুলির সঙ্গে তাঁর ছিল নিবিড় সম্পর্ক। কোনো ব্যক্তিগত উপহার বা স্মারক কখনো তিনি নিজের জন্য রাখেন নি। সবই তুলে দিয়েছেন পার্টি অথবা গণসংগঠনের হাতে। নিজের জন্য রেখেছেন কেবল আন্তর্জাতিক অভিজ্ঞতা। সে অভিজ্ঞতা প্রয়োগ করেছেন ভারতবর্ষে সমাজতন্ত্র নির্মাণের কর্মকান্ডে। অকৃতদার সমর মুখার্জীর ঘর নেই, বাড়ি নেই, জমি নেই। নেই এক টাকার ব্যাঙ্ক ব্যালেন্স। তাঁর আত্মীয়, পরিবার, পরিজন, সমাজ সব কিছুই পার্টি এবং ভারতবাসী। বর্তমান ঠিকানা দিল খুশা স্ট্রিটে অবস্থিত পার্টি কমিউন।

সমরদা পেশাদার লেখক ছিলেন না। কিন্তু লিখেছেন অনেক। লিখেছেন পার্টি এবং গণতান্ত্রিক আন্দোলনের জন্য। গভীর তাত্বিক বিষয়কে সহজ সরল ভাষায় সর্বসাধারণের জন্য বোধ্য করে তোলার ক্ষেত্রে তাঁর লেখনরীতি অনুকরণযোগ্য। ১৯৫৩ সালে সংশোধনবাদ ও সংকীর্ণতাবাদের বিরুদ্ধে রচিত পৃথ্বীরাজের দলিল, ১৯৬৬তে অশোক মুখার্জী ছদ্মনামে লেখা দেশহিতৈষীতে ধারাবাহিকভাবে প্রকাশিত দীর্ঘ তাত্বিক প্রবন্ধ, রেল ধর্মঘটের শিক্ষা এবং আরও অসংখ্য প্রবন্ধ চিরায়ত মার্কসবাদী সাহিত্য হিসেবে অমলীন থাকবে।

ভারতবর্ষের অনেক শ্রমিক সংগঠনের মতো জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কাস ইউনিয়ন-এর সম্পর্ক ছিল অত্যন্ত নিবিড়। তিনি আমাদের পরম সুহৃদ, শিক্ষক ও বন্ধু। তাঁর সঙ্গে আমাদের সম্পর্কের কিছু স্মৃতিচিত্র এখানে মুদ্রিত হলো।

জয় ইঞ্জিনিয়ারিং ওয়ার্কাস ইউনিয়ন এবং বেথুন ইনস্টিটিউট অফ জেরিয়াট্রিক্স রিসার্চ এ্যান্ড রিহ্যাবিলিটেশন এর পক্ষ থেকে আমাদের প্রাণপ্রিয় সমর মুখার্জীর দীর্ঘ, সুস্থ ও সচেতন জীবন কামনা করছি।



গত ১লা অক্টোবর ২০০৮ বিশ্ব প্রবীণ নাগরিক দিবস উপলক্ষে সংস্থার প্রতিষ্ঠাতা সভাপতি বিমল চ্যাটার্জী 'শহীদ সূর্য সেন মঞ্চে' শ্রী সমর মুখার্জীকে সম্মাননা জ্ঞাপন করছেন।

গত ১লা অক্টোবর ২০০৮ বিশ্ব প্রবীণ নাগরিক দিবস উপলক্ষে 'শহীদ সূর্য সেন মঞ্চে' উপস্থিত আছেন শ্রী পবিত্র সরকার, শ্রী কমল বোস, শ্রী সাধন গুপ্ত, শ্রী সমর মুখার্জী ও সংস্থার সভাপতি বিমল চ্যাটার্জী।





গত ১লা অক্টোবর ২০০৮ বিশ্ব প্রবীণ নাগরিক দিবস উপলক্ষে 'শহীদ সূর্য সেন মঞ্চে' উপবিষ্ট আছেন শ্রী পবিত্র সরকার, শ্রী কমল বোস, শ্রী সাধন গুপ্ত, শ্রী সমর মুখার্জী।

গত ১লা অক্টোবর ২০০৮ 'বিশ্ব প্রবীণ নাগরিক দিবস' উপলক্ষে মঞ্চে বক্তব্য রাখছেন শ্রী সমর মুখার্জী।





গত ১লা অক্টোবর ২০০৮ 'বিশ্ব প্রবীণ নাগরিক দিবস' উপলক্ষে মঞ্চে উপবিষ্ট আছেন শ্রী কমল বোস, শ্রী সাধন গুপ্ত, শ্রী সমর মুখার্জী, সংস্থার প্রতিষ্ঠাতা সভাপতি বিমল চ্যাটার্জী, শ্রী অমলেন্দু দে ও শ্রীমতী নাসিমা দে।



১লা অক্টোবর ২০০৮ 'বিশ্ব প্রবীণ নাগরিক দিবস' উপলক্ষে মঞ্চে বক্তব্য রাখছেন শ্রী পেলব মুখার্জী।



গত ৩রা মার্চ ২০০৯-এ নর্মান বেথুনের জন্মদিনে কমঃ সমর মুখার্জীকে ডঃ ত্রিগুনা সেন অডিটোরিয়ামে সম্বর্ধনা জানাচ্ছেন সংস্থার প্রতিষ্ঠাতা সভাপতি বিমল চ্যাটার্জী।



গত ৩রা মার্চ ২০০৯-এ ডঃ ত্রিগুনা সেন অডিটোরিয়ামে বক্তব্য রাখছেন শ্রী সমর মুখার্জী।

ছবি ঃ ডি. কে. মুন্সী

Printed by Intergraphics, Published by Dipesh Mitra on behalf of Bethune Institute of Geriatrics Research & Rehabilitation Centre. Ph. : 033 2473 9642, 033-2414 7777 and printed at Intergraphics 1/15A, Prince Gulam Md. Road, Kolkata - 700026 and Published at 392A, Prince Anwar Shah Road, Kolkata - 700045, Editor - Sri Dipesh Mitra.